অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2022 বেলমন্ট স্টেকসের জন্য প্রণোদনা সহ নতুন পপ-আপ টিকাকরণ সাইট ঘোষণা করেছেন

সাইটটি 4 জুন দুপুর থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত এবং 5 জুন সকাল 9টা থেকে 5টা পর্যন্ত পরিচালিত হবে; টিকাপ্রাপ্ত ব্যক্তিরা 2022 বেলমন্ট স্টেক্সে সাধারণ প্রবেশাধিকার পাবেন

নিউ ইয়র্ক স্টেট টিকাকরণ সাইটে নর্থওয়েল হেলথ এবং NYRA এর সাথে অংশসিদারিত্ব করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বেলমন্ট পার্কে একটি নতুন মোবাইল পপ-আপ টিকাকরণ সাইটের কথা ঘোষণা করেছেন যা 2021 সালের বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভ্যালের (Belmont Stakes Racing Festival) সাথে একই সময়ে অনুষ্ঠিত হবে, যা শনিবার, 5 জুন বেলমন্ট স্টেকসের 153তম দৌড়ের সাথে শেষ হবে। রেসিং এর ভক্তরা যারা সাইটে টিকা নেবেন তারা 2022 সালের বেলমন্ট স্টেক্সে সাম্মানিকভাবে সাধারণ প্রবেশাধিকার লাভ করবেন। নিউ ইয়র্ক স্টেট টিকাকরণ সাইটে নর্থওয়েল হেলথ (Northwell Health) এবং নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেডের (New York Racing Association, Inc.) সাথে অংশীদারিত্ব করবে। সাইটটি জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) টিকার একক ডোজ প্রদান করবে। সাইটটি শুক্রবার, 4 জুন দুপুর 12টা থেকে 6টা পর্যন্ত বেলমন্ট পার্কের ক্লাবহাউস প্রবেশদ্বারের সংলগ্ন স্থানে এবং শনিবার, 5 জুন সকাল 9টা থেকে 5টা পর্যন্ত কাজ করবে।

"আমরা আমাদের অস্ত্রাগারের উপলব্ধ প্রতিটি সরঞ্জাম ব্যবহার করছি COVID-19-কে চিরতরে পরাজিত , এবং আমাদের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার জন্য এবং একটি নতুন স্বাভাবিকের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, এবং যত বেশি সম্ভব নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়া আমাদের রাজ্যের ভবিষ্যতের জন্য সেই কৌশলের জন্য গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের সব চেয়ে উত্তেজনাপূর্ণ বার্ষিক অনুষ্ঠানের সময় কাজ করা এই পপ-আপ টিকাকরণ সাইটটি আরও বেশি বাসিন্দা এবং পরিবারগুলিকে একটি উত্তেজনাপূর্ণ প্রণোদনা দিয়ে টিকা নিতে উৎসাহিত করবে - যা হল আগামী বছরের বেলমন্ট স্টেক্সে বিনামূল্যে প্রবেশাধিকার। আমি সমস্ত আগ্রহী নিউ ইয়র্কবাসীকে এই সুযোগের সদ্ব্যবহার করতে এবং নিজেদের, তাদের পরিবারদের এবং আমাদের রাজ্যকে রক্ষা করার জন্য তাদের ভূমিকা পালন করতে উৎসাহিত করি।"

পরে, এই গ্রীষ্মে, সমস্ত ভক্তরা যারা এক্সেলসিওর পাসের (Excelsior Pass) মাধ্যমে টিকাকরণের প্রমাণ দেখাবেন - যা COVID-19 টিকাকরণের ডিজিটাল প্রমাণ উপস্থাপনের জন্য রাজ্যের

বিনামূল্যের, দ্রুত এবং যাচাইযোগ্য উপায় - উদ্বোধনীর দিনে, বৃহস্পতিবার, 15 জুলাই, সারাটোগা রেস কোর্সে (Saratoga Race Course), তারা বিনামূল্যে গ্র্যান্ডস্ট্যান্ডে সাধারণ প্রবেশাধিকার পাবেন। ভক্তরা বিনামূল্যে প্রবেশাধিকার ব্যবহারের জন্য তাদের সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) COVID-19 টিকাকরণের রেকর্ড কার্ডের মতো কাগজের ফর্ম সহ টিকাকরণের প্রমাণের বিকল্প ফর্মও পেশ করতে পারেন।

NYRA নির্বাহী কর্মকর্তা এবং সভাপতি ডেভ ও'রুর্ক বলেন, "NYRA গভর্নর কুওমো এবং নর্থওয়েল হেলথকে ধন্যবাদ জানাচ্ছে COVID-19 মহামারীকে পরাজিত করার উদ্দেশ্যে সাহায্য করার সুযোগ প্রদান করার জন্য। আমরা বেলমন্ট পার্কে বিশ্বমানের খাঁটি রেসিংয়ের একটি রোমাঞ্চকর সপ্তাহান্তের অপেক্ষায় আছি, এবং উপস্থিত ভক্তদের টিকা নিতে, এক্সসেলসিওর পাস ডাউনলোড করতে এবং বেলমন্ট স্টেকসের শক্তি এবং উত্তেজনা উপভোগ করতে উৎসাহিত করছি।"

বেলমন্ট স্টেকস নিউ ইয়র্কের একটি ঐতিহ্য যা 1867 সালে জেরোম পার্ক রেসট্র্যাকে উদ্বোধন করা হয় এবং 1905 সালে বেলমন্ট পার্কে তার পরিচিত বাড়িতে স্থানান্তরিত হয়। ট্রিপল ক্রাউন সিরিজের চূড়ান্ত রত্ন আমেরিকান ক্লাসিকের 152টি সংস্করণের ইতিহাসের শ্রেষ্ঠ থরোব্রেডগুলিকে তুলে ধরেছিল। 2021 সাল কেন্টাকি ডারবি এবং প্রিকনেস স্টেকসের পর রেসিং ক্যালেন্ডারে বেলমন্ট স্টেকসের তার প্রথাগত জায়গায় ফিরে আসাকে চিহ্নিত করবে।

নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকা গ্রহণ করার জন্য প্রণোদনা প্রদান করে চলেছে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সুবিধাজনক স্থানে নতুন পপ-আপ সাইট স্থাপন করছে। মে 26-এ, গভর্নর কুওমো 12 থেকে 17 বছর বয়সীদের COVID-19 -এর টিকা নেওয়ার জন্য উৎসাহিত করতে 'গেট আ শট টু মেক ইওর ফিউচার' প্রণোদনাটি ('Get a Shot to Make Your Future' incentive) ঘোষণা করেছেন। অংশগ্রহণকারীরা একটি এলোমেলোকৃত পুরষ্কারের ড্রাওয়িং এ প্রবেশ করতে পারেন এবং সম্ভাব্যভাবে 27 মে থেকে একটি SUNY বা CUNY কলেজে একটি সম্পূর্ণ বৃত্তি পেতে পারেন। বিজয়ীরা টিউশন এবং রুম এবং বোর্ড সহ যে কোনও পাবলিক কলেজ বা বিশ্ববিদ্যালয়ে সম্পূর্ণ বৃত্তি পাবেন। নিউ ইয়র্ক স্টেট এলোমেলোকৃত ড্রয়িং পরিচালনা করবে এবং মোট 50 জন বিজয়ীর জন্য পাঁচ সপ্তাহ ধরে প্রতি সপ্তাহে 10 জন করে বিজয়ী নির্বাচন করবে। ফেডারেল COVID-19 ত্রাণ এবং আউটরিচ তহবিল এই টিকাকরণ প্রণোদনা প্রোগ্রামের ব্যয় বহন করতে ব্যবহার করা হবে।

###